

জ্ঞানমূলক

১. ছোট জিনিসের মোহে বড় জিনিস হারাতে যে দুঃখবোধ করে না তার কাছে শিক্ষা কী?
২. মানুষ নিজের জীবনকে আলোকিত করে তুলতে পারে কীভাবে?
৩. 'হামেশা' শব্দের অর্থ কোনটি?
৪. জীবসত্তার ঘর থেকে মানবসত্তার ঘরে উঠবার উপায় কী?
৫. মোতাহের হোসেন চৌধুরীর পৈতৃক নিবাস কোথায়?
৬. আত্মার পতন হয় কীসে?
৭. ছোট জিনিসের মোহে বড় জিনিস হারাতে যে দুঃখ বোধ করে না, সে আর যাই হোক কী নয়?
৮. কোন বাঁধনের ফলে মনুষ্যত্বের আহবান মানুষের মর্মে গিয়ে পৌঁছে না?
৯. 'সুখ' মোতাহের হোসেন চৌধুরী রচিত কোন ধরনের গ্রন্থ?
১০. "বাইরে ফিটফাট, ভিতরে সদরঘাট" - এ উক্তি প্রতিশব্দ কোনটি?
১১. মানবসত্তাকে মনুষ্যত্ব বলা গেলে জীবসত্তার পরিপূরক কোনটি?
১২. 'মানবসত্তা' বলতে কী বোঝায়?
১৩. অর্থাচিন্তার নিগড়ে সবাই বন্দি - এ উক্তি কোন রচনার?
১৪. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে লেখক মুক্তির পূর্বশর্ত ফুটিয়ে তুলেছেন কোনটির মাধ্যমে?
১৫. মোতাহের হোসেন চৌধুরীর গ্রামের নাম কী?

হাসান সাহেব বিশ্ববিদ্যালয় পড়া শেষে বাবার ব্যবসা দেখাশোনা করছেন। তিনি ব্যবসায়ে অধিক মুনাফা অর্জনের জন্য শ্রমিকদের বেতন ও বোনাসের কিছু অংশ কমিয়ে দেন। তিনি এখন প্রচুর অর্থ ও বিস্তার মালিক। তার বন্ধু হাফিজ সাহেব বেসরকারি প্রতিষ্ঠানে বড় চাকরি করেন। তিনি অর্থ ও শ্রম দিয়ে তার গ্রামে একটি স্কুল প্রতিষ্ঠা করেন। সেখানে তিনি শিক্ষার্থীদের নাচ, গান, আবৃত্তি ও নাটকসহ নানা সাংস্কৃতিক বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করেন। মাঝে মাঝে তিনি শিক্ষার্থীদের বিভিন্ন দুর্যোগপূর্ণ স্থানে নিয়ে যান।

ক. লোভের ফলে মানুষের কেমন মৃত্যু হয়?

খ. শিক্ষার অপ্রয়োজনের দিকটিকে লেখক শ্রেষ্ঠ দিক বলেছেন কেন ?

গ. উদ্দীপকের হাসান সাহেবের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে - ব্যাখ্যা করো।

ঘ. "উদ্দীপকের হাফিজ সাহেবের চেতনায় 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আসল উদ্দেশ্য ফুটে উঠেছে"- উক্তিটি মূল্যায়ন করো।